# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

## Date 28-01-2025 Time: 7-50 P.M.

বিশেষ বিশেষ খবর –

১) ৪৮ তম আন্তর্জাতিক কলকাতা বইমেলা আজ শুরু হয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সল্টলেকের বইমেলা প্রাঙ্গণে এর উদ্বোধন করছেন। এবারের থিম কান্ট্রি জার্মানি।

২) গিলেন ব্যারি সিনড্রোম নিয়ে ভয়ের কোন কারন নেই বলে রাজ্য সরকার জানিয়েছে।

৩) আর জি কর মেডিকেল কলেজ ও হাসপাতালের আর্থিক দুর্নীতি মামলায় বিচার প্রক্রিয়া দ্রুত শুরু হবে বলে কলকাতা হাইকোর্টে জানিয়েছে সিবিআই।

৪) পরীক্ষার হলে টোকাটুকি বা মোবাইল ফোন নিয়ে ধরা পড়লে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর ঐ বছরের পরীক্ষা বাতিল করা হবে বলে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ জানিয়েছে।

৫) পশ্চিম বর্ধমানের পারুলিয়ায় একটি বে-সরকারী গ্যাস উত্তোলক সংস্থার বর্জ্য মিশ্রিত জলে পড়ে দুই শ্রমিকের মৃত্যু হয়েছে।

oooooooooooooooooooooo

৪৮ তম আন্তর্জাতিক কলকাতা বইমেলার আজ সূচনা হয়েছে। ফ্রাঙ্কফার্টের বিশ্ব বইমেলায় অনুপ্রাণিত হয়ে শুরু হলেও এই প্রথম থিম কান্ট্রি করা হয়েছে সেই জার্মানিকেই। আজ বিকেলে সল্টলেকের বইমেলা প্রাঙ্গণে এর উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। এবার শতবর্ষে স্মরণ করা হবে নারায়ণ সান্যাল, সলিল চৌধুরী, ঋত্বিক ঘটক, তপন সিনহা ও অরুন্ধতী দেবীকে। গিল্ডের সম্পাদক সুধাংশু শেখর দে জানান মেলায় প্রতিটি অনুষ্ঠান হবে খোলা আকাশের নিচে। ছোট-বড় মিলিয়ে এবার স্টলের সংখ্যা এক হাজার। একটি প্রতিবেদন।

(ক্যাপসুল – বইমেলা/অভিজিত দা)

এদিকে, বইমেলা উপলক্ষে যাত্রীদের সুবিধার্থে মেট্রোরেল আগামীকাল থেকে ৯ই ফেব্রুয়ারি রবিবার পর্যন্ত শিয়ালদা থেকে সেক্টর ফাইভের মধ্যে অতিরিক্ত ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। এই উপলক্ষে চালানো হবে বিশেষ বাসও ।

oooooooooooooooooooooo

গিলেন ব্যারি সিনড্রোম নিয়ে ভয়ের কোন কারন নেই বলে রাজ্য সরকার জানিয়েছে। স্বাস্থ্য দপ্তর থেকে জারি করা এক নির্দেশিকায় বলা হয়েছে গত এক মাসে রাজ্যে এই রোগে আক্রান্ত হওয়ার কোন ঘটনা ঘটেনি। তবে, এটা কোন নতুন রোগ নয় বলে বিবৃতিতে উল্লেখ করা হয়েছে। এই রোগের ফলে অ্যাকিউট ফ্লাসিড প্যারালাইসিস হতে পারে।

সাধারণত পেটে বা ফুসফুসে কোন সংক্রমণ হলে সেখান থেকে রোগ বাড়ে। তার জেরেই হাত-পা অবশ হতে শুরু করে। রাজ্য সরকারের পোলিও টিম বিষয়টির উপরে সর্বক্ষণ নজরে রেখেছে। তবুও সাবধানে থাকতে বলা হয়েছে রাজ্যবাসীকে।

উল্লেখ্য পুনেতে গিলেন ব্যারি সিনড্রোম ১১২ জনের আক্রান্ত হওয়ার খবর পাওয়া গেছে। রাজ্যে এই রোগে সংক্রমিত দুই শিশু কলকাতার ইন্সটিটিউট অফ চাইল্ড হেলথ এ ভর্তি রয়েছে।

oooooooooooooooooooo

দুর্নীতির অভিযোগে রাজ্য যোগ কাউন্সিল, ২৪ জন যোগ চিকিৎসকের রেজিস্ট্রেশন বাতিল করেছে। অর্থের বিনিময়ে অযোগ্য চিকিৎসকদের শংসাপত্র দেওয়ার জন্যই এই পদক্ষেপ। রাজ্য স্বাস্থ্য দপ্তর এক সপ্তাহের মধ্যে তাদের ভুয়ো শংসাপত্র ফিরিয়ে দেওয়ার নির্দেশ দিয়েছে।

উল্লেখ্য, যোগ চিকিৎসক হিসাবে ২৭২ জনের পরীক্ষা নেওয়ার জন্য স্বাস্থ্য দপ্তরের আয়ুষ বিভাগ ২০২১ সালে বিজ্ঞপ্তি জারি করেছিল। ২০২৩ সালের পয়লা সেপ্টেম্বর প্রথম দফায় পরীক্ষা নেওয়া হলেও তদন্তে নেমে কাউন্সিল জানতে পারে ঐ দিন কোন পরীক্ষাই হয়নি। এরপরেই দুর্নীতির অভিযোগ তদন্তের জন্য স্বাস্থ্য ভবনকে চিঠি দিয়েছিলেন রাজ্যপাল সিভি আনন্দ বোস ।

তার প্রেক্ষিতে স্বাস্থ্য দপ্তর, কাউন্সিলের কাছে রিপোর্ট তলব করে। সেখানেই দুর্নীতির এই অভিযোগ সত্যি বলে উল্লেখ করা হয়েছে।

oooooooooooooooooooo

বন্যা নিয়ন্ত্রন, সীমান্তে বিভিন্ন অপরাধমূলক কাজ, দুই দেশের মধ্যে রেলপথ সম্প্রসারন সহ বেশ কিছু বিষয়ে কথা বলতে ভারত ভূটান বৈঠকে বসতে চলেছে। জলপাইগুড়ির চালসায় আগাম বৃহস্পতিবার থেকে প্রস্তাবিত জাতীয়স্তরের দুই দিনের এই বৈঠকে ভূটান লাগোয়া জলপাইগুড়ি, আলিপুরদুয়ার ও কালিম্পং-এর পক্ষ থেকে জলপাইগুড়ির বিভাগীয় কমিশনার অনুপ আগরওয়াল প্রতিনিধিত্ব করবেন।

oooooooooooooooo

আর জি কর মেডিকেল কলেজ ও হাসপাতালের আর্থিক দুর্নীতি মামলায় বিচার প্রক্রিয়া দ্রুত শুরু হবে বলে আজ কলকাতা হাইকোর্টে জানিয়েছে সিবিআই। বিচারপতি তীর্থঙ্কর ঘোষের এজলাসে এই মামলার শুনানি হয়। মামলায় আরেক তদন্তকারী সংস্থা এনফোর্সমেন্ট ডিরেক্টরেটকেও দ্রুত তদন্ত শেষ করার নির্দেশ দিয়েছেন বিচারপতি।

উল্লেখ্য, এই মামলায় আরজিকরের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ সহ পাঁচজনের বিরুদ্ধে চার্জশিট জমা দেয় সিবিআই।

আর্থিক দুর্নীতি মামলায় সন্দীপ ঘোষ, কলেজের টিএমসিপি নেতা আশিষ পান্ডের বিরুদ্ধে চার্জ গঠনের অনুমতি দিয়েছে রাজ্য সরকার।

oooooooooooooooooooooo

আর জি কর হাসপাতালে মেয়ের ধর্ষণ ও খুনের ঘটনায় বর্তমান অবস্থানের প্রেক্ষিতে তৃণমূল কংগ্রেস নেতারা তাদের নির্লজ্জভাবে আক্রমণ করে বিভ্রান্ত করার চেষ্টা চালাচ্ছেন বলে নির্যাতিতার বাবা-মা অভিযোগ করেছেন। আজ বিকেলে সাংবাদিকদের কাছে তারা বলেন, এই ঘটনাকে কেন্দ্র করে কোন রাজনীতি তারা চান না। রাজনৈতিক দলে নাম লেখাতে বা বিপুল অঙ্কের অর্থের জন্য তাদের এই অবস্থান বলে – যদি কেউ মনে করেন, তাহলে তা সম্পূর্ণ মিথ্যা। মেয়ের ন্যায় বিচারই তাদের একমাত্র দাবি। একজন সরকারী কর্মচারীকে হাসপাতালে কর্মরত অবস্থায় প্রশাসন নিরাপত্তা সুনিশ্চিত করতে ব্যর্থ হয়েছে। তার দায় স্বীকার করে ফের একবার রাজ্যের স্বাস্থ্য ও পুলিশ মন্ত্রী এবং কলকাতা মেয়রের পদত্যাগ দাবি করেছেন নির্যাতিতার মা-বাব।

উল্লেখ্য, নিম্ন আদালতের রায় সামনে আসার পরই তরুণী চিকিৎসকের মা-বাবা-র মন্তব্যের কারণে

oooooooooooooooooooooo

পরীক্ষার হলে টোকাটুকি বা মোবাইল ফোন নিয়ে ধরা পড়লে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর ঐ বছরের পরীক্ষা বাতিল করা হবে বলে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ জানিয়েছে। সংসদের তরফে জারি করা এক নির্দেশিকায় পরীক্ষাকেন্দ্রে প্রত্যেক ঘরে দুইজন করে পর্যবেক্ষক উপস্থিত থাকা বাধ্যতামূলক করা হয়েছে। কোন ঘরে পরীক্ষার্থীর সংখ্যা ৫০ এর বেশি হলে সেখানে তিন জন পর্যবেক্ষক রাখতে হবে। ভেনু সুপার ভাইজারের পরিবর্তে পরীক্ষার্থীদের সামনে প্রশ্নপত্র খোলার কথা বলা হয়েছে ঐ নির্দেশিকায়।

উল্লেখ্য, আগামি তেসরা মার্চ থেকে রাজ্যে উচ্চমাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে।

oooooooooooooooooo

শিয়ালদার সুরেন্দ্রনাথ কলেজের কাছে বৈঠকখানা রোড থেকে এস টি এফ-এর কাছে ধৃত উত্তরপ্রদেশের পাঁচ দুষ্কৃতিই উচ্চ-শিক্ষিত বলে কলকাতা পুলিশ সূত্রের খবর। কলকাতা পুলিশের জয়েন্ট সিপি ক্রাইম জানিয়েছেন, উদ্ধার হওয়া আগ্নেয়াস্ত্রগুলির মধ্যে একটি ইতালিতে তৈরি। ধৃত শিবশঙ্কর যাদব, রাহুল যাদব, আদিত্য মৌর্য, দেবাং গুপ্তা এবং রুকেশ সাহানি বয়স ২০ থেকে ৩০-এর মধ্যে। রুকেশকেই পুলিশ মূল অভিযুক্ত হিসেবে চিহ্নিত করেছে। সে বিটেক পাস। বাকিরাও আই টি আই বা অন্য কলেজ থেকে পড়াশোনা করেছে। ধৃতদের অতীতে অপরাধের কোন রেকর্ড আছে কিনা, তা জানতে উত্তরপ্রদেশের থানাগুলিকে খোঁজ নিতে বলা হয়েছে।

oooooooooooooooooo

মালদার বৈষ্ণবনগরে মদের আসরে গন্ডগোলের জেরে দুজন গুলিবিদ্ধ হয়েছেন। প্রদীপ কর্মকার নামে এক ব্যক্তিকে গুরুতর আহত অবস্থায় মালদা হাসপাতালে নিয়ে

যাওয়া হয়েছে। অপরজনের আঘাত সামান্য। পুলিশ দুষ্কৃতিদের খোঁজে তল্লাশি শুরু করেছে।

০০০০০০০০০০০০০০০

পশ্চিম বর্ধমানের দুর্গাপুর পারুলিয়ায় একটি বে-সরকারী গ্যাস উত্তোলক সংস্থার বর্জ্য মিশ্রিত জলে পড়ে দুই শ্রমিকের মৃত্যু হয়েছে। তাদের উদ্ধার করতে গিয়ে অসুস্থ হন আরও তিনজন। জানা গেছে, ২২৪ নম্বর পিটে কাজ করার সময় রাসায়নিক মিশ্রিত জমা জলে পড়ে যান এক ঠিকা শ্রমিক। তাকে বাঁচাতে গিয়ে আরো একজন সেখানে পড়ে। প্রথমে দড়ি এবং পরে জেসিবি এনে তাদের উদ্ধার করা হয়। সেসময় ঝাঁঝাঁলো গ্যাসে অসুস্থ হয়ে যান আরও তিনজন। সকলকেই স্থানীয় বে-সরকারী হাসপাতালে নিয়ে যাওয়া হয়। ২৫ বছর বয়সী কাঁকসার বাসিন্দা আকাশ বাদ্যকর এবং ২৬ বছরের মালদার বাসিন্দা অনুপ সরকারের অবস্থার অবনতি ঘটলে তাদের স্থানীয় সুপার স্পেশালিটি হাসপাতালে পাঠানো হলেও সেখানে তাদের মৃত্যু হয়।

গ্যাস উত্তোলক সংস্থার গাফিলতির জেরে দুই শ্রমিক প্রাণ হারিয়েছেন বলে অভিযোগ উঠেছে। কর্তৃপক্ষের শাস্তির দাবি জানিয়েছে স্থানীয়রা। যদিও সংস্থার তরফে মৃতদের পরিবারের পাশে থাকার আশ্বাস দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ উত্তরাখণ্ডের দেরাদুনে ৩৮-তম ন্যাশনাল গেমস এর উদ্বোধন করেছেন। উদ্বোধনী অনুষ্ঠানে উত্তরাখণ্ডের লোকসংস্কৃতি এবং আধুনিক প্রযুক্তির মিশ্রণকে তুলে ধরা হয়। কেন্দ্রীয় মন্ত্রী ,ভারতীয় অলিম্পিক অ্যাসোসিয়েশনের সদস্য ,জাতীয় স্তরের খেলোয়ার সহ বহু বিশিষ্ট ব্যক্তি অনুষ্ঠানে উপস্থিত রয়েছেন। এবছর ২৮ টি রাজ্য এবং আটটি কেন্দ্রশাসিত অঞ্চলের প্রায় ১০ হাজার খেলোয়াড় ন্যাশনাল গেমসে অংশ নিচ্ছেন। রাজ্যের আটটি জেলার ১১ টি শহরে গেমসের বিভিন্ন

খেলা গুলি অনুষ্ঠিত হবে। ৩৫ টি বিভাগে 47 টি ইভেন্ট থাকছে। আগামী ১৪ ই ফেব্রুয়ারি পর্যন্ত এই প্রতিযোগিতা চলবে। বাংলার ৩৯৫ জন প্রতিযোগী এবার অংশগ্রহণ করেছেন।

oooooooooooooooooo

আগামী কয়েকটি দিন রাজ্যে প্রায় সর্বত্রই আবহাওয়া শুষ্ক থাকবে। তবে, উত্তরবঙ্গে দার্জিলিং ও কালিম্পং-এ আজ ও আগামীকাল বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। সম্ভাবনা রয়েছে, তুষারপাতেরও। তবে, সরস্বতী পুজো অবধি আকাশ পরিচ্ছন্নই থাকবে। ৩১ তারিখের পর থেকে তাপমাত্রা সামান্য বাড়তে পারে বলে পূর্বাভাষে জানানো হয়েছে।

কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৫ দশমিক ৯ ডিগ্রী সেলসিয়াস। স্বাভাবিকের থেকে যা সামান্যই কম।

ooooooooooooooooooo

ooooooooooooooooo